এর প্রভাবে আগামী মঙ্গল থেকে বৃহস্পতিবার বাংলা–ওড়িশা উপকূলে ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে, যার গতিবেগ বেড়ে ঘণ্টায় ৭০ কিলোমিটার পর্যন্তও হতে পারে। ওই কয়েকটি দিন সমুদ্র উত্তাল থাকবে। উপকূলবর্তী–সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে মঙ্গল ও বুধবার বৃষ্টি হবে।

বুধবার রাজ্যের সেচমন্ত্রী সৌমেন মহাপাত্র জানান, 'ইতিমধ্যেই ডিভিসি, আবহাওয়া দপ্তর ও বিপর্যয় মোকাবিলা দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠক করেছি। ইঞ্জিনিয়ারদের সঙ্গে আলোচনা হয়েছে। আবহাওয়া দপ্তর বলেছে, ২২ মে একটা নিম্নচাপ হতে পারে। তার জন্য প্রতিনিয়ত ওদের সঙ্গে যোগাযোগ রাখছি। দক্ষিণ ২৪ পরগনা, দুই মেদিনীপুর ও উত্তর ২৪ পরগনার দিকে আমরা বিশেষ নজর রেখেছি। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশে সব রকম উদ্যোগ নেওয়া হচ্ছে।'

# অনেক ব্যঙ্গ-বিদ্রুপ আসছিল, উত্তর দিয়ে দিয়েছেন কাঞ্চন

অলোকপ্রসাদ চট্টোপাধ্যায়

উত্তমকুমারের অভিনয় করা চরিত্রে কাঞ্চন মল্লিক? শুনে চমকে গিয়েছিলেন দর্শকরা। হেসেছিলেন অনেকে। ব্যঙ্গ–বিদ্রুপও শুরু হয়ে গিয়েছিল। এমন একটা আবহে সেই চ্যালেঞ্জটা নিয়েছিলেন কাঞ্চন। এবং মুখ বন্ধ করে দিয়েছিলেন সমালোচকদের।

ঠিক সেইরকমই একটা চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছিলেন কাঞ্চন, যখন দলনেত্রী তাঁকে উত্তরপাড়ার প্রার্থী করে দিলেন। মাত্র কিছুদিন আগে প্রথাগতভাবে তৃণমূলে যোগ দিয়েছিলেন কাঞ্চন। তার পরেই প্রার্থী হিসেবে তাঁর নাম ঘোষণা।



কাঞ্চন বললেন, সত্যিই এই চ্যালেঞ্জটা আমার কাছে 'থানা থেকে আসছি'র মতোই ছিল। 'স্বপ্নসন্ধানী' যখন এই নাটকটা করবে বলে ঠিক করল এবং বাবান (কৌশিক সেন) আমাকে বলল তিনকড়ি হালদারের চরিত্রটা আমাকে করতে হবে, তখন মনে মনে বলেছিলাম, ধরণী দ্বিধা হও।

কিন্তু গ্রুপ থিয়েটারের একজন কর্মী বা অভিনেতা তো 'না' বলতে পারেন না ডিরেক্টরের মুখের ওপর। চ্যালেঞ্জটা নিয়েছিলেন কাঞ্চন। এখনও সেদিনের কথা বলতে গিয়ে উত্তেজনা গোপন করতে পারেন না।

বললেন, সিনেমায় যে চরিত্র করেছেন উত্তমকুমার, থিয়েটারে যে ভূমিকায় অভিনয় করেছেন অজিতেশ বন্দ্যোপাধ্যায়, সেই চরিত্রে আমাকে অভিনয় করার চ্যালেঞ্জটা ছুড়ে দিয়েছিলেন আমার পরিচালক। আমি পুলিশ ইনস্পেক্টর তিনকড়ি হালদারকে প্রৌঢ় করে দিয়েছিলাম। আমার মোবাইল হারিয়ে যাওয়ায় ভবানীপুর থানায় ডায়েরি করতে গিয়ে এক প্রৌঢ় অফিসারকে দেখে আমি আমার চরিত্রের গ্রাফটা তৈরি করি। মঞ্চে যখন এসেছিলাম, তখন কেউ আর উত্তমকুমার বা অজিতেশ বন্দ্যোপাধ্যায়কে খোঁজার চেষ্টা করেননি।

এবং, সত্যিই, নিজস্বতা দিয়ে সমালোচকদের মুখ বন্ধ করে দিয়েছিলেন কাঞ্চন। আর, মুগ্ধ করেছিলেন দর্শকদের।

এবার ভোটের কিছুদিন আগে প্রথাগতভাবে তৃণমূলে যোগ দিলেন কাঞ্চন। কারণ? কাঞ্চন বললেন, দলনেত্রীর পাশ থেকে তখন পালাচ্ছিল বিশ্বাসঘাতকরা। দশ বছর ধরে সমস্ত সুবিধা নিয়ে ক্যাপ্টেন অফ দ্য শিপকে ফেলে দিয়ে যারা পালায়, তারা তো বিশ্বাসঘাতকই। তখনই মনে হয়েছিল দিদির পাশে দাঁড়ানোর এটাই সঠিক সময়। আর, তিনিই তো পারবেন বিজেপি–র সাম্প্রদায়িকতা, বিজেপি–র আগ্রাসনকে রুখতে। তাই যোগ দিয়েছিলাম তৃণমূলে।

উত্তরপাড়ার প্রার্থী হয়ে বিশাল একটা চ্যালেঞ্জ অনুভব করেছিলেন কাঞ্চন, ঠিক উত্তমকুমারের তিনকড়ি হালদার হয়ে ওঠার মতো। বললেন, উত্তরপাড়ার ১৭টা থিয়েটারের দলের সঙ্গে যোগাযোগ ছিল। 'সমতট'–এর নাট্যোৎসবে বছর বছর অংশ নিয়েছি। পিসতুতো দিদির বাড়িও কোন্নগরে। কিন্তু আমি চেয়েছিলাম সাধারণ মানুষের সঙ্গে সাধারণ মানুষ হয়ে মিশে যেতে। তাই একদিনও জিপে উঠে প্রচারে যাইনি। রোজ ছ–সাত কিলোমিটার হেঁটেছি। শেষের দিকে নির্বাচন কমিশনের বিধিনিষেধ মানতে মিছিল না করে টোটোয় চেপে গেছি এক এলাকা থেকে অন্য এলাকায়।

তারকার গ্ল্যামার মুছে মানুষের সঙ্গে রকে বসেছেন, চায়ের দোকানে গল্প করেছেন, বিশ্বাস অর্জন করেছেন এলাকাবাসীদের এবং ৩৫ হাজার ৯৮৯ ভোটে জিতে দলনেত্রীর সিদ্ধান্তকে মর্যাদা দিয়েছেন।

অনেক ব্যঙ্গ–বিদ্রুপ সয়েছেন ভোটের আসরে নেমে। সোশ্যাল মিডিয়ায় তাঁর পুরনো সিনেমার আরও রোগা চেহারার ছবি দিয়ে লোকজন লিখেছে, জিতলেই স্বাস্থ্যমন্ত্রী হবেন কাঞ্চন মল্লিক। মন খারাপ হয়েছে। কিন্তু লক্ষ্যচ্যুত হননি।

উত্তরপাড়ার সঙ্গে এখন তাঁর হৃদয়ের যোগ। কাজ শুরু করে দিয়েছেন কোভিড মোকাবিলায়। কোন্নগরে শুরু করেছেন 'মা ক্যান্টিন'। প্যারীমোহন কলেজে তৈরি করেছেন কোভিড রোগীদের জন্য সেফ হোম। ব্যবস্থা করেছেন অক্সিজেনের। ভ্যাকসিনের উদ্যোগ নিচ্ছেন। কোভিড মোকাবিলার পরে উন্নয়নের নানা পরিকল্পনা আছে।

কোভিডের জন্য এখন সিনেমার শুটিং বন্ধ। মাঝখানে কয়েকদিন দিদি নম্বর ওয়ান–এর শুটিং করেছেন। বললেন, শুটিং তো করবই। এটা আমার পেশা। কিন্তু তার আগে উত্তরপাড়ার মানুষদের পাশে দাঁড়াতে চাই।

বোঝা গেল, নাকতলার বাসিন্দা, টালিগঞ্জের তারকা এখন উত্তরপাড়ার আপনজন হয়েই থাকতে চান।

# মনোরঞ্জন এখন লিখতে চান উন্নয়নের ইতিহাস

সব্যসাচী সরকার


মনোরঞ্জন ব্যাপারী

এবার তাঁর স্বপ্ন বলাগড় বইমেলা আরও বিস্তৃত করা। যাতে আশপাশের সমস্ত জেলার মানুষই এই বইমেলায় এসে আনন্দ পেতে পারেন। তিনি ঠিক করেছেন, তাঁর বিধানসভা এলাকাতেই আপাতত বাড়ি ভাড়া নিয়ে থাকবেন। এলাকার কাজকর্ম দেখবেন। বেশ কিছু পরিকল্পনাও তিনি ইতিমধ্যে নিয়েছেন। কথা হচ্ছিল বলাগড় বিধানসভার সদ্য নির্বাচিত তৃণমূল বিধায়ক মনোরঞ্জন ব্যাপারীর সঙ্গে।

মনোরঞ্জন বললেন, আপাতত যে কাজগুলো থেমে রয়েছে, সেগুলি সম্পূর্ণ করব।' তাঁর স্বপ্ন, সবুজ দ্বীপকে একেবারে মনের মতো ট্যুরিস্ট স্পট করে তোলা। এতে স্থানীয় মানুষজন কাজের সুযোগ পাবেন। অন্যদিকে আয় বৃদ্ধিও হবে। সেই টাকায় স্থানীয় স্তরে অনেক কিছুই উন্নয়নমূলক কাজ করা যাবে। এর সঙ্গেই মনোরঞ্জন ব্যাপারী চান গঙ্গার ভাঙন রুখতে। গঙ্গার ভাঙন না রুখতে পারলে, পরবর্তী সময় মানুষের বসতি ক্ষতিগ্রস্ত হবে।

জল প্রকল্পের কাজ থেমে রয়েছে। সেটি সম্পূর্ণ করাই তাঁর লক্ষ্য।

জল প্রকল্পের কাজের জন্য সরকারি অর্থ ইতিমধ্যেই বরাদ্দ করা হয়ে গেছে। এবিষয়ে শিগগিরই মনোরঞ্জনবাবু এলাকায় একটি মিটিং করবেন। এই জল প্রকল্পটি সম্পূর্ণ হয়ে গেলে বলাগড় তো বটেই, পাণ্ডুয়াও উপকৃত হবে। গঙ্গার ভাঙনের ক্ষেত্রে বেশ কিছু পদক্ষেপ না নিলে কতগুলি গ্রাম ভয়ঙ্কর ক্ষতিগ্রস্ত হবে। বলাগড়ের নৌকো তৈরির কারিগরদের জন্যও তাঁর নির্দিষ্ট পরিকল্পনা আছে।

মনোরঞ্জনবাবু বললেন, নির্বাচিত হওয়ার পর বহু মানুষের ব্যাপারে তাঁকে এগিয়ে আসতে হচ্ছে। একারণে আপাতত লেখালিখির সময় কম। তার ওপরে করোনার উপদ্রব। বিধানসভা এলাকা থেকে কোনও সমস্যা হলেই ফোন করছেন অঞ্চলের মানুষ। সেগুলিও দেখতে হচ্ছে তাঁকে। বিধানসভা এলাকাতেই বাড়ি ভাড়া নিয়ে ২৪ ঘণ্টাই মানুষের জন্য কাজ করতে চান, এমনই তাঁর বাসনা। সপ্তাহে একদিন দু'দিন কলকাতার বাড়িতে থাকতেই হবে। কারণ তাঁকে দলিত সাহিত্য আকাদেমির কাজও দেখতে হয়। সব মিলিয়ে একসময়ে 'উদ্বাস্তু' মনোরঞ্জন ব্যাপারী এখন বহু মানুষের আশ্রয়। এক জীবনে তিনি লিখেছিলেন 'জিজীবিষা'। অর্থ, বাঁচার ইচ্ছে। নতুন ভূমিকায় লেখক মনোরঞ্জন চাইছেন মানুষের উন্নয়নের ইতিহাস লিখতে।

# উচ্চমাধ্যমিক নিয়ে শিক্ষামন্ত্রীকে চিঠি

আজকালের প্রতিবেদন

করোনা পরিস্থিতিতে অফলাইনের বদলে রাজ্য সরকারের দেওয়া ট্যাবকে কাজে লাগিয়ে অনলাইনে পরীক্ষা নেওয়ার দাবি জানাল উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের একাংশ। অন্তর্বর্তী মূল্যায়নের দাবিও জানানো হয়েছে। এগুলি–সহ একাধিক দাবি জানিয়ে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে উচ্চমাধ্যমিক ছাত্রছাত্রীবৃন্দ–এর পক্ষ থেকে চিঠি দেওয়া হয়েছে। এই পরীক্ষার্থীদের বক্তব্য, প্র্যাকটিক্যাল পরীক্ষা যেহেতু স্কুল নিয়েছে তাই সেই পরীক্ষার ভিত্তিতে তাদের মূল্যায়ন করা হোক। গত বছর ভোকেশনাল বোর্ড এভাবেই মূল্যায়ন করেছিল। পরীক্ষা পিছিয়ে দিলে তারা অন্য বোর্ডের পড়ুয়াদের থেকে পিছিয়ে পড়বে। শিক্ষাবর্ষ নষ্টের আশঙ্কাও রয়েছে। কলেজে ভর্তি হতে সমস্যা হবে। দীর্ঘদিন একই পড়া পড়তে পড়তে মানসিক দিক দিয়ে তারা ক্লান্ত। তাছাড়া বেশিদিন ক্লাসের সুযোগও পাওয়া যায়নি। অনলাইন ক্লাসের সুবিধা সবাই নিতে পারেনি। সারা বছর জুম–এ পড়াশোনা করে কেন রুমে অর্থাৎ অফলাইনে পরীক্ষা হবে সেই প্রশ্নও চিঠিতে তুলেছে এই ছাত্রছাত্রীরা।



FEDERAL BANK
YOUR PERFECT BANKING PARTNER
The Federal Bank Ltd., Regd. Office: Aluva

## এলসিআরডি/কলকাতা ডিভিশন

৯১এ/১, পার্ক স্ট্রিট, দ্বিতীয় তল,
'অবনী সিগনেচার', কলকাতা– ৭০০ ০১৬
ই–মেল: kollcrd@federalbank.co.in

## ডিমান্ড নোটিস

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩(১) সহ পঠনীয় সারফায়েসি অ্যাক্ট, ২০০২ (এখানে এর পরে 'উক্ত অ্যাক্ট' হিসেবে উল্লিখিত)–এর ১৩(২) ধারাধীনে নোটিস

| ক্রম নং | ঋণগ্রহীতা/ জামিনদার–এর নাম ও ঠিকানা/ অ্যাকাউন্ট নম্বর/ ঋণ মঞ্জুরকারী ব্রাঞ্চের নাম/ ঋণের ধরন, সীমা, তারিখ এবং অর্থাঙ্ক | সম্পত্তিগুলির বিবরণ/ দাখিলযোগ্য জামিনযুক্ত পরিসম্পদগুলির অবস্থান | নোটিসের তারিখ / এনপিএর তারিখ | বকেয়া অর্থাঙ্ক (ডিমান্ড নোটিসের তারিখে) এবং সুদের হার |
|---|---|---|---|---|
| ১. | **১) শ্রী অষ্টপদ পণ্ডিত,** পিতা ৺বিষ্টুপদ পণ্ডিত<br>**২) শ্রীমতী শ্যামলী পণ্ডিত,** স্বামী– শ্রী অষ্টপদ পণ্ডিত<br>উভয়ের নিবাস: গ্রাম ও পোঃ পলাশপাই, থানা–খানাকুল, জেলা–হুগলি ৭১২৪১৬,<br>**শাখা–তারকেশ্বর**<br>**১) অ্যাকা. নং ২২১২৫৫০০০০০৭৭২**<br>সীমা– ক্যাশ ক্রেডিট ঋণ<br>অর্থাঙ্ক– ₹ ৫,০০,০০০/–<br>তারিখ: ১৭.০১.২০১৯ | ১.৫০ ডেসিমেল পরিমাপিত বাস্তু জমির সকল অপরিহার্য অংশ সহ তদুপরি ভবন যার দাগ নং ১৪৩০, খতিয়ান নং ২০১৪, জে এল নং ১৪৩, থানা–খানাকুল, জেলা–হুগলি নথিভুক্ত এডিএসআরও অফিস খানাকুল, ১ নং পলাশপাই গ্রামপঞ্চায়েত অধীনে মৌজা–পলাশপাই নামাঙ্কিত অষ্টপদ পণ্ডিত যার ডিড নং আই–০৬৬৪৫/২০১৪ তারিখ ৩০.১২.২০১৪। সম্পত্তির চৌহদ্দি— পূর্বে: রবীন বক্সির জমি, দক্ষিণে: পঞ্চায়েতের রাস্তা, পশ্চিমে: বিষ্টু পণ্ডিতের জমি, উত্তরে: ভুদেব পণ্ডিতের জমি। | ২০.০৪.২০২১<br>২৯.১১.২০২০ | ১) ₹ ৫,৫০,১৭০.৫০<br>০২.০৪.২০২১ অনুযায়ী যেখানে বার্ষিক সুদের হার ১০.০৯% প্রদেয় মাসিক ভিত্তিতে সহ ০১.০২.২০২১ থেকে ৪% বকেয়া সুদ। |
| ২. | **১) শ্রী বরুণ শাসমল,** পিতা সুকুমার শাসমল<br>**২) শ্রীমতী বুল্টি শাসমল,** স্বামী বরুণ শাসমল<br>উভয়ের নিবাস: গ্রাম–হারালি, থানা–উদয়নারায়ণপুর, জেলা–হাওড়া, পশ্চিমবঙ্গ–৭১১২২৬,<br>**শাখা–তারকেশ্বর**<br>**১) অ্যাকা. নং ২২১২৫৫০০০০০৯৬২**<br>সীমা– ক্যাশ ক্রেডিট ঋণ<br>অর্থাঙ্ক– ₹ ৬,০০,০০০/–<br>তারিখ: ২৪.০৭.২০১৯ | ২ ডেসিমেল পরিমাপিত বাস্তু জমির সকল অপরিহার্য অংশ–সহ তদুপরি ভবন, যার জে এল নং ৫, এল আর দাগ নং ১১৭৫, এল আর খতিয়ান নং ১১৭, থানা–উদয়নারায়ণপুর, মৌজা–হারালি, হারালি উদয়নারায়ণপুর গ্রামপঞ্চায়েত নামাঙ্কিত শ্রীমতী বুল্টি শাসমল যার ডিড নং আই–০৫১০–০২২৩২/২০১৮ তারিখ ১৮.০৯.২০১৮ নথিভুক্ত এডিএসআর পাঁচরুল–সামন্তনগর, জেলা–হাওড়া। সম্পত্তির চৌহদ্দি— উত্তরে: বলরাম শাসমলের সম্পত্তি, দক্ষিণে: চন্দন শাসমলের সম্পত্তি, পূর্বে: ইটের রাস্তা, পশ্চিমে: প্রশান্ত খান–এর সম্পত্তি। | ২৯.০৪.২০২১<br>২৯.১১.২০২০ | ₹ ৬,৩৮,৩৫০.৫০<br>১৮.০৩.২০২১ অনুযায়ী যেখানে বার্ষিক সুদের হার ১১.৬৫% প্রদেয় মাসিক ভিত্তিতে–সহ ০১.০৯.২০২০ থেকে ৪% বকেয়া সুদ। |
| ৩ | **১) শ্রী সুব্রত কোলে,** পিতা– ৺নিমাই কোলে<br>**২) শ্রীমতী লক্ষ্মী কোলে,** স্বামী শ্রী সুব্রত কোলে<br>উভয়ের নিবাস: গ্রাম ও পোঃ হরিশপুর, থানা–উদয়নারায়ণপুর, জেলা–হাওড়া, পশ্চিমবঙ্গ–৭১১৪১০, **শাখা–তারকেশ্বর**<br>**১) অ্যাকা. নং ২২১২৭৩০০০০০৫০৭**<br>সীমা– গৃহঋণ সীমা– ₹ ৩১,০০,০০০/–<br>তারিখ: ০৯.০৪.২০১৯<br>**২) অ্যাকা. নং ২২১২৫৫০০০০০৯০৫**<br>সীমা– ক্যাশ ক্রেডিট অর্থাঙ্ক ₹ ৪,৬০,০০০/–<br>তারিখ: ২৬.০৪.২০১৯ | ১) প্রথমত আপনি (সুব্রত কোলে) ব্যাঙ্কের পক্ষে সুরক্ষা জারি করেছেন যেখানে বাস্তু জমির পরিমাপ ৪.৯৫ ডেসিমেল, মৌজা–নারকেলবেড়িয়া, সাবেক জে এল নং ১৭০, হাল জে এল নং ৬৬, এল আর খতিয়ান নং ৬৮৭, সাবেক ও হাল দাগ নং ১৭০৩, খিলা গ্রামপঞ্চায়েত অধীনে, থানা–উদয়নারায়ণপুর, যার ডিড নং আই–০৫১০–০২০৮৩ সাল ২০১৮ তারিখ ২৪.০৮.২০১৮ যা গৃহঋণ অ্যাকাউন্ট নং ২২১২৭৩০০০০০৫০৭ ক্ষেত্রে সুরক্ষিত। সম্পত্তির চৌহদ্দি— উত্তরে: ৬ ফুট চওড়া সাধারণ পরিসর, দক্ষিণে: পীযূষ সাঁতরা দিগরের সম্পত্তি, পূর্বে– রবীন কোলে–এর সম্পত্তি, পশ্চিমে– দেবাশিস চৌধুরির সম্পত্তি।<br>২) আপনি দ্বিতীয়জন হিসেবে (শ্রীমতী লক্ষ্মী কোলে) ব্যাঙ্কের পক্ষে সুরক্ষা জারি করেছেন যেখানে বাস্তু জমির পরিমাপ ১ ডেসিমেল হাল এল আর নং ৯৫, অন্তর্গত হাল দাগ নং ১১১৪, সাবেক দাগ নং ১০৬৩/১১১৮ সাবেক জে এল নং ১৭৫, হাল জে এল নং ৭৩, মৌজা– নজরখান, আর এস খতিয়ান নং ১৬২, এল আর খতিয়ান নং ১৪৫৯, পেনরো হরিশপুর গ্রাম পঞ্চায়েত অধীনে থানা–উদয়নারায়ণপুর জেলা–হাওড়া, যার গিফট ডিড নং আই–০০০৬৫৩ সাল ২০১৪ তারিখ ২৩.০৪.২০১৪ নথিভুক্ত এডিএসআর পাঁচরুল– সামন্তনগর, জেলা–হাওড়া, যা ক্যাশ ক্রেডিট অ্যাকাউন্ট ২২১২৫৫০০০০০৯০৫–তে সুরক্ষিত। সম্পত্তির চৌহদ্দি— উত্তরে: সাধারণ গ্রামের রাস্তা, দক্ষিণে: বিভূতি বাকুলির সম্পত্তি, পূর্বে: একই আর এস প্লট ১০৬৩/১১১৮–তে অন্যদের সম্পত্তি, পশ্চিমে: গৌতম বাকুলির সম্পত্তি | ০৩.০৫.২০২১<br>২৭.০২.২০২১ | ১) ₹ ৩০,৩৩,০৩৯/–<br>০৯.০৪.২০২১ অনুযায়ী যেখানে বার্ষিক সুদের হার ৭.৯৫% প্রদেয় মাসিক ভিত্তিতে এবং গৃহঋণ ২২১২৭৩০০০০০৫০৭ ক্ষেত্রে ০৯.০৪.২০২১ থেকে ২% হারে বকেয়া সুদ<br>২) ₹ ৪,৮৩,৫৮২.৭০,<br>৩০.০৪.২০২১ অনুযায়ী যেখানে বার্ষিক সুদের হার ১০.৯৫% প্রদেয় মাসিক ভিত্তিতে এবং ক্যাশ ক্রেডিট ২২১২৫৫০০০০০৯০৫ ক্ষেত্রে ০১.০৫.২০২১ থেকে ৪% হারে বকেয়া সুদ |
| ৪ | **১) শ্রী অমিত মাইতি,** পিতা অশোক মাইতি<br>**২) শ্রীমতী কৃষ্ণা মাইতি,** স্বামী শ্রী অমিত মাইতি<br>**৩) শ্রী অশোক মাইতি** পিতা ৺বিভূতিভূষণ মাইতি<br>সকলেরই নিবাস: গ্রাম দাসপুর, পোঃ ঘোলে, থানা–খানাকুল, জেলা–হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২৪০১,<br>**শাখা–তারকেশ্বর**<br>**১) অ্যাকা. নং ২২১২৫৫০০০০০৯৩৯**<br>সীমা– ক্যাশ ক্রেডিট ঋণ ₹ ৫,০০,০০০/–<br>তারিখ: ০২.০৫.২০১৯ | ৪ ডেসিমেল ব্যবসায়িক জমির সকল অপরিহার্য অংশ সহ তদুপরি নির্মাণ দাগ এল আর প্লট নং ৯০৯, জে এল নং ১১৬, হাল এল আর খতিয়ান নং ২৬৮/১, আর এস প্লট নং ৮৪৬, অন্তর্গত এল আর খতিয়ান নং ১১০৭, থানা–খানাকুল, জেলা–হুগলি, গ্রামপঞ্চায়েত তাতিশাল, মৌজা–কনকপুর নামাঙ্কিত অমিত মাইতি, যার ডিড নং আই–০৬১১০২৭৩০ সাল ২০১৫ তারিখ ১৭.০৬.২০১৫ নথিভুক্ত এডিএসআরও–খানাকুল। সম্পত্তির চৌহদ্দি— পূর্বে: মৃগাঙ্ককুমার জানার কৃষিজমি, দক্ষিণে: মদন মণ্ডলের কৃষিজমি, পশ্চিমে: নদী, উত্তরে: অশোক মাইতির কৃষিজমি। | ২১.০৪.২০২১<br>২৯.১১.২০২০ | ₹ ৫,৩৯,৬৮৩/–<br>৩১.০৩.২০২১ অনুযায়ী যেখানে বার্ষিক সুদ ১২.২৫% প্রদেয় মাসিক ভিত্তিতে এবং ০১.০৪.২০২১ থেকে ৪% হারে বকেয়া সুদ |
| ৫ | **১) শ্রী দীনবন্ধু মাইতি,** পিতা শ্রী অষ্টপদ মাইতি<br>**২) শ্রীমতী সোমা মাইতি,** স্বামী শ্রী দীনবন্ধু মাইতি<br>নিবাস গ্রাম দাসপুর, পোঃ ঘোলে, থানা খানাকুল, জেলা হুগলি, পশ্চিমবঙ্গ ৭১২৪০১ ও ব্যবসা মাইতি এন্টারপ্রাইজ নামে গ্রাম দাসপুর, পোঃ ঘোলে, থানা খানাকুল, জেলা হুগলি, পশ্চিমবঙ্গ ৭১২৪১০–তে<br>**শাখা তারকেশ্বর**<br>**১) এ/সি নং ২২১২৫৫০০০০০২৪৪**<br>সীমা ক্যাশ ক্রেডিট লোন টাঃ ২২,০০,০০০/– তারিখ ০৪.০৯.২০২০ (মূল লোন বরাদ্দ ০৬.০৬.২০১৭ তে)<br>**২) এ/সি নং ২২১২৬৯০০০০০২৭১**<br>সীমা এফ আই টি এল টাঃ ১,৬৯,০০০/– তারিখ ২৮.০৯.২০২০ | মজুত ও বহি ঋণের দায়বন্ধন।<br>১০ ডেসিম্যাল বাস্তু জমির সমবন্ধক যার মৌজা দাসপুর, জে এল নং ১১৪, এল আর দাগ নং ৭০২, এল আর খতিয়ান নং ৯৬০, প্লট নং ৬৭৭ (পি) সহ বিল্ডিং, থানা খানাকুল, জেলা হুগলি, বালিপুর গ্রাম পঞ্চায়েত, পশ্চিমবঙ্গ ৭১২৪০১, শ্রী দীনবন্ধু মাইতির নামে দানপত্র নং আই ০১৩২১ , বর্ষ ২০১৩ তারিখ ১৫.০৩.২০১৩ দ্বারা এডি এস আর খানাকুল, জেলা হুগলিতে নথিভুক্ত। সম্পত্তির সীমানা উত্তর– কানাই মাইতির কৃষি জমি, দক্ষিণ– দীপঙ্কর পাত্রর কৃষি জমি, পূর্ব– কাঁচা রাস্তা, পশ্চিম– কৃষি জমি। | ২১.০৪.২০২১<br>২৮.১২.২০২০ | **১) টাঃ ২৪,১৩,৬৯৭.৯৯, ৩১.০৩.২০২১** অনুযায়ী সহ @ ১৫.৪০% বছরে সুদ সহ মাসিক অবশিষ্ট ও ০১.০৪.২০২১ থেকে বকেয়া সুদ @ ৪ % এ/সি নং ২২১২৫৫০০০০০২৪৪–এ।<br>**২) টাঃ ১,৮৩,২১৭/–, ৩১.০৩.২০২১** অনুযায়ী সহ @ ১৫.৪০% বছরে সুদ সহ মাসিক অবশিষ্ট ও ০১.০৪.২০২১ থেকে বকেয়া সুদ @ ৪ % এফ আই টি এল এ/সি নং ২২১২৬৯০০০০০২৭১–এ। |
| ৬ | **১) শ্রী স্মরজিত খান,** পিতা জয়দেব খান<br>**২) শ্রীমতী করবী খান,** স্বামী শ্রী স্মরজিত খান<br>উভয়ের নিবাস পোঃ ঘরগোহাল, থানা আরামবাগ, জেলা হুগলি, পশ্চিমবঙ্গ ৭১২৪১৪<br>**শাখা তারকেশ্বর**<br>**১) এ/সি নং ২২১২৭৬০০০০০১০৮**<br>সীমা প্রপার্টি পাওয়ার লোন টাঃ ৭,৫০,০০০/– তারিখ ২৬.০৩.২০১৯ | ২ ডেসিম্যাল বাস্তু জমি সহ বিল্ডিংয়ের সমগ্র অংশ যার জে এল নং ৬৫, আর এস ও এল আর প্লট নং ৪৯০, এল আর খতিয়ান নং ১৬০, মলয়পুর ১ নং গ্রাম পঞ্চায়েত, জেলা হুগলি, থানা আরামবাগ, মৌজা ঘরগোহাল, শ্রী স্মরজিত খানের নামে দানপত্র নং আই ০৬১২–০০১৯৫ , বর্ষ ২০১৭ তারিখ ১০.০২.২০১৭ দ্বারা এডি এস আর পুরশুড়া, জেলা হুগলিতে নথিভুক্ত। সম্পত্তির সীমানা উত্তর– বাসুদেব খানের জমি, দক্ষিণ– শক্তি খানের জমি, পূর্ব– বাসুদেব খানের জমি, পশ্চিম– সনৎ মিত্রের বাড়ি। | ২২.০৪.২০২১<br>২৫.০১.২০২১ | **১) টাঃ ৭,১৪,৩২৪.৫০**<br>২২.০৪.২০২১ অনুযায়ী সহ @ ১৩.৮৫% বছরে সুদ সহ মাসিক অবশিষ্ট ও ২৬.০৩.২০২১ থেকে বকেয়া সুদ @ ২ % । |

আপনাদের মধ্যে প্রথমোক্তজন ঋণগ্রহীতা রূপে এবং তালিকার অন্যরা সহ–দায়বদ্ধ(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) রূপে আমাদের ব্যাঙ্কের বিভিন্ন ব্রাঞ্চ থেকে এই ব্যাঙ্কের অনুকূলে দরকারি জামিনচুক্তি স্বাক্ষর/ঋণের নথিপত্র দাখিলের পর ওপরে লেখা ঋণের সুবিধাবলি গ্রহণ করেছিলেন।

এই ব্যাঙ্ক থেকে গৃহীত উক্ত ঋণের সুবিধাবলির পরিপ্রেক্ষিতে জামিন হিসেবে ওপরের তালিকাভুক্ত আপনারা ওপরে লেখা স্থাবর সম্পত্তিগুলি এই ব্যাঙ্কের কাছে রেহানাবদ্ধ করার মাধ্যমে এই ব্যাঙ্কের অনুকূলে জামিনস্বার্থ (সিকিউরিটি ইন্টারেস্ট) তৈরি করেছিলেন। ওপরে লেখা রেহানাবদ্ধ/ বন্ধক রাখা জামিনযুক্ত সম্পত্তিগুলিকে এখানে এর পরে একত্রিত রূপে 'উক্ত জামিনযুক্ত পরিসম্পদ' হিসেবে উল্লেখ করা হয়েছে। নিম্নস্বাক্ষরকারী দি ফেডেরাল ব্যাঙ্ক লিমিটেডের অনুমোদিত অফিসার হিসেবে আপনাদের জ্ঞাতার্থে জানাচ্ছেন যে, যৌথভাবে এবং এককভাবে আপনাদের কাছ থেকে আপনাদের লোন অ্যাকাউন্ট বাবদ এই ব্যাঙ্কের উপরিলিখিত অর্থাঙ্ক বকেয়া রয়েছে। এই অর্থাঙ্ক পরিশোধে আপনারা খেলাপি হওয়ায় আপনাদের লোন অ্যাকাউন্ট আরবিআই–এর নির্দেশিকা অনুসারে ওপরে লেখা তারিখে অনুৎপাদক পরিসম্পদ (নন–পারফর্মিং অ্যাসেট) হিসেবে শ্রেণিবদ্ধ হয়েছে।

এই কারণে এই বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উপরিউক্ত পরিমাণ অর্থাঙ্ক প্রযোজ্যমতো সুদ সুদ, তৎসহ প্রযোজ্য মাসুল সমেত পরিশোধ করার জন্য আপনাদের আহ্বান জানানো হচ্ছে, যেমনটা করতে আপনারা ব্যর্থ হলে উক্ত অ্যাক্টের ১৩ ধারাধীনে এই ব্যাঙ্ক আপনাদের এবং উক্ত জামিনযুক্ত পরিসম্পদগুলির বিরুদ্ধে সমস্ত অধিকার প্রয়োগ করবে যাতে ব্যাঙ্কের বকেয়া পুনরুদ্ধারে আপনাদের প্রতি আর কোনও বিজ্ঞপ্তি জারি না করেই এই ব্যাঙ্ক উক্ত জামিনযুক্ত পরিসম্পদগুলি লিজের মাধ্যমে হস্তান্তর, বিক্রয় করা এবং তৎসহ উক্ত জামিনযুক্ত পরিসম্পদগুলির পরিচালন ক্ষমতা নিজেদের হাতে নেওয়ার মতো বিভিন্ন পদক্ষেপ নিতে পারে।

এর সঙ্গে আপনাদের আরও অবগত করানো হচ্ছে যে, এই ব্যাঙ্কের লিখিত অনুমতি ছাড়া উক্ত জামিনযুক্ত পরিসম্পদগুলি আপনারা বিক্রয়, লিজ বা অন্য কোনওভাবে হস্তান্তর করা থেকে বিরত থাকবেন। যদি আপনারা নির্ধারিত মেয়াদের মধ্যে ব্যাঙ্কের বকেয়া পরিশোধ না করেন, তাহলে এই ব্যাঙ্ক যদি উপরোক্তমতো পদক্ষেপ নেওয়া শুরু করে, সেক্ষেত্রে এ ধরনের কার্যাদি সংক্রান্ত যাবতীয় খরচাপাতি, চার্জ ও মাশুল ইত্যাদিও এই ব্যাঙ্ককে মিটিয়ে দেওয়ার দায়িত্ব আপনাদের ওপরেই বর্তাবে। যদি উক্ত জামিনযুক্ত পরিসম্পদগুলি বিক্রয় করে প্রাপ্ত অর্থাঙ্ক আপনাদের বকেয়া অর্থাঙ্কের চেয়ে কম হয়, তাহলে আর কোনও বিজ্ঞপ্তি জারি না করে বাকি অর্থাঙ্ক আদায় করার জন্য ব্যাঙ্ক আপনাদের প্রতি ব্যক্তিগতভাবে ব্যবস্থা নেওয়ার দিকে এগোবে। এর পাশাপাশি উক্ত অ্যাক্টের ১৩(৮) ধারাধীনে উপলব্ধ মেয়াদের মধ্যে উক্ত জামিনযুক্ত পরিসম্পদগুলি (জামিন হিসেবে রাখা সম্পত্তিগুলি) ছাড়ানোর ব্যবস্থা গ্রহণ করার প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

বকেয়া পুনরুদ্ধারে উক্ত অ্যাক্ট এবং/বা অন্য কোনও আইনের সংস্থান মোতাবেক সহায়তা পাওয়ার ক্ষেত্রে এই ব্যাঙ্কের অধিকার ও সুবিধার প্রতি কোনও প্রকার পক্ষপাতিত্ব না করে এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হল।

দি ফেডেরাল ব্যাঙ্ক লিমিটেড–এর তরফে
স্থান: কলকাতা
অনুমোদিত অফিসার, সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর অধীনে

Before the National Company Law Tribunal, Kolkata Bench, Kolkata
Company Application (CAA) No. 13/KB/2021

In the matter of Section 230(1) and 232(1) of the Companies Act, 2013
And
In the matter of Tea Time Limited, Trinity Plaza, 3rd Floor, 84/1A, Topsia Road (South), Kolkata - 700046
Transferor Company No. 1 AND
In the matter of Orient International Limited, Trinity Plaza, 3rd Floor, 84/1A, Topsia Road (South), Kolkata - 700046
Transferor Company No. 2 AND
In the matter of Neptune Exports Limited, Trinity Plaza, 3rd Floor, 84/1A, Topsia Road (South), Kolkata - 700046
Transferor Company No. 3 AND
In the matter of Northern Projects Limited, Trinity Plaza, 3rd Floor, 84/1A, Topsia Road (South), Kolkata - 700046
Transferor Company No. 4 AND
In the matter of Hindusthan Udyog Limited, Trinity Plaza, 3rd Floor, 84/1A, Topsia Road (South), Kolkata - 700046
Transferee Company
AND
(1) Tea Time Limited (2) Orient International Limited (3) Neptune Exports Limited (4) Northern Projects Limited (5) Hindusthan Udyog Limited
.............. Applicants

Notice and Advertisement of notice of the Meeting of Equity Shareholders

Pursuant to order dated 22nd February 2021 (and received on 24th March 2021) the Kolkata Bench of the National Company Law Tribunal had directed separate meetings to be held of equity shareholders of the Applicant companies abovenamed for the purpose of considering, and if thought fit, approving with or without modification, the amalgamation proposed in between the Transferor Company Nos. 1 to 4 with the Transferee Company and their respective members.

In pursuance of the said order, and as directed therein further notice had been given that meeting of equity shareholders of the Applicant Companies will be held on Friday, 21st May 2021 at Trinity Plaza, 3rd Floor, 84/1A, Topsia Road (South), Kolkata-700046 at such time as mentioned below and at such which time and place the said equity shareholders were requested to attend the meeting :-

Name of Company - Time of Meeting
Tea Time Limited - 10:00 AM
Orient International Limited - 11:00 AM
Neptune Exports Limited - 12:00 PM
Northern Projects Limited - 1:00 PM
Hindusthan Udyog Limited - 2:00 PM

However, by an order bearing no. 647-ISS/2M-22/2020 dated 15th May, 2021 issued by the Chief Secretary, Government of West Bengal, the Government of West Bengal has directed, inter alia, that all private establishment shall remain closed for a period commencing from 16th May, 2021 to 30th May, 2021.

In order to comply with the aforesaid direction issued by the Government of West Bengal, the holding of the aforesaid meetings stand postponed and a subsequent date, time and venue for convening the meetings shall be notified subsequently.

Sd/-
Soumitra Lahiri
Chairperson appointed for the Meetings
Dated this 18th day of May, 2021

MAGMA
Investing in the smallest dream

## ম্যাগমা ফিনকর্প লিমিটেড

CIN: L51504WB1978PLC031813
রেজিঃ অফিস ঃ "ডেভেলপমেন্ট হাউস", ২৪, পার্ক স্ট্রিট, কলকাতা-৭০০০১৬, ফোন ঃ ০৩৩-৪৪০১৭৩৫০
ওয়েবসাইট ঃ www.magma.co.in ● ইমেল আইডি ঃ shabnum.zaman@magma.co.in

### বিজ্ঞপ্তি

সিকিউরিটিস্ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস্) রেগুলেশনস্, ২০১৫-এর রেগুলেশন ২৯ অনুসারে এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, অন্যান্য বিষয়সহ ত্রৈমাসিক ও বার্ষিক সমাপ্ত ৩১ মার্চ, ২০২১-এর নিরীক্ষিত আর্থিক ফলাফল (একক এবং সমন্বিত) এবং আর্থিক বছর সমাপ্ত ৩১ মার্চ, ২০২১-এর বার্ষিক আর্থিক বিবরণী এবং ৩১ মার্চ, ২০২১ তারিখে সমাপ্ত বর্ষে, ইক্যুইটি শেয়ারের উপর ডিভিডেন্ড, যদি থাকে, তার সুপারিশ, কোম্পানির পরবর্তী বার্ষিক সাধারণ সভায় সদস্যদের অনুমোদনের সাপেক্ষে, বিবেচনা, অনুমোদন এবং নথিভুক্ত করার জন্য কোম্পানির পরিচালন পর্ষদের একটি সভা সোমবার, ৩১ মে ২০২১ তারিখে অনুষ্ঠিত হবে।

উপরোক্ত বিশদ কোম্পানির ওয়েবসাইট (www.magma.co.in) এবং স্টক এক্সচেঞ্জ সমূহের ওয়েবসাইটে (www.nseindia.com এবং www.bseindia.com) জানানো হয়েছে।

পরিচালন পর্ষদের পক্ষে
ম্যাগমা ফিনকর্প লিমিটেড-এর পক্ষে
শবনুম জামান
কোম্পানি সেক্রেটারি
এসিএস নং ১৩৯১৮
তারিখ ঃ ১৯ মে, ২০২১
স্থান ঃ কলকাতা

SBI
বহরমপুর শাখা, ১৫, স্কোয়্যার ইস্ট রোড, (ফৌজদারি কোর্ট), পোঃ ও থানা বহরমপুর, জেলা মূর্শিদাবাদ, পিন– ৭৪২১০১ (প ব)
SBI CAR BAZAR

## মোটরগাড়ির নিলাম বিক্রয়

এই ব্যাঙ্কের কাছে রেহানাবদ্ধ ও দখল নেওয়া নিম্নলিখিত মোটরগাড়ি (কার) ২১.০৬.২০২১ তারিখ প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। নিচের স্থানে ১৬.০৬.২০২১ তারিখে বেলা ১২.০০ থেকে ২.০০টার মধ্যে নিজেদের হাজির থাকার জন্য আগ্রহী ক্রেতাদের অনুরোধ জানানো হচ্ছে। প্রকাশ্য নিলাম ২.০০ থেকে ৪.০০টার মধ্যে আয়োজিত হবে নিচের স্থানে।

| ক্রম নং | গাড়ির বিবরণ | তৈরির বছর | সংরক্ষণ মূল্য (টাঃ) | নিলাম স্থান |
|---|---|---|---|---|
| ১. | ফোর্ড ফিগো অ্যাসপায়ার, রেজিস্ট্রেশন নং WB 58AP3838, গাড়ির শ্রেণী মোটরগাড়ি (এল এম ভি), স্যাশি নং MAJZXXMTKZHU84092, ইঞ্জিন নং HU84092, আসন সংখ্যা–০৫ (চা স)<br>**দেনদার: শম্পা মন্ডল গোস্বামী** | ২০১৭ | ₹৩৫০৩৩৭.০০ | **বহরমপুর শাখা,** ১৫, স্কোয়্যার ইস্ট রোড, (ফৌজদারি কোর্ট), পোঃ ও থানা বহরমপুর, জেলা মূর্শিদাবাদ, পিন– ৭৪২১০১ (প ব) |

সবগুলি মোটরগাড়ি **'যেখানে আছে সেখানে'** এবং **'যেমন আছে তেমন'** ভিত্তিতে নিলাম করা হবে।

ক) আগ্রহী ক্রেতাদের নির্ধারিত বয়ানে আবেদন করতে হবে যার সঙ্গে সংরক্ষিত মূল্যের ১০% অর্থাঙ্ক বায়না জমা বাবদ 'SBI Berhampore Branch'–এর অনুকূলে কাটা ব্যাঙ্ক ড্রাফ্ট বা ব্যাঙ্কারস চেক নিলামের স্থানে ১৮.০৬.২০২১ তারিখে বেলা ১.৪৫টার আগে জমা দিতে হবে। [নগদে কোনও অর্থাঙ্ক গ্রহণ করা হবে না]। এর পাশাপাশি আগ্রহী ক্রেতাদের আরও অনুরোধ করা হচ্ছে যাতে তাঁরা নিলামের স্থানে 'বিড অ্যাপ্লিকেশন ফর্ম'–সহ নিজেদের আসল পরিচয়পত্র এবং এর উপযুক্ত সংখ্যক জেরক্স করা কপি সঙ্গে নিয়ে আসেন। সফল বিডারদের দু'কপি রঙিন পাসপোর্ট মাপের ছবি সঙ্গে রাখার পরামর্শ দেওয়া হচ্ছে যা পুরো 'বিড' অর্থাঙ্ক দাখিল করার পর 'বিক্রয় শংসাপত্র' ইস্যু করার সময় কাজে লাগবে।
খ) ওপরে লেখা সংরক্ষণ মূল্যের কম অর্থাঙ্ক উল্লেখ করা বিড/প্রস্তাব বিবেচনা করা হবে না।
গ) দরাদরি/বিডিং সমাপ্ত হলে এই ব্যাঙ্ক কেবলমাত্র যোগ্য ক্ষেত্রের অনুকূলে বিক্রয় সম্পন্ন করার কথা ঘোষণা করবে এবং সংশ্লিষ্ট দরদাতাদের লিখিতভাবে সফল দরদাতার অনুকূলে নিলাম সম্পন্ন হওয়ার সাত দিনের মধ্যে তা জানানো হবে।
ঘ) ব্যাঙ্ক দ্বারা ঘোষিত সফল দরদাতাকে বিক্রয় সম্পন্ন হওয়ার চিঠি পাওয়ার তারিখের ৭ দিনের মধ্যে এই ব্যাঙ্ককে বিক্রয়মূল্যের পুরো অর্থাঙ্ক (বায়না জমা সমন্বয়ক্রমে) ডিমান্ড ড্রাফ্ট হিসেবে জমা দিতে হবে। রোড ট্যাক্স, ইনস্যুরেন্স ইত্যাদির মতো বিধিবদ্ধ দায়গুলি ক্রেতাকেই বহন করতে হবে।
ঙ) এই ব্যাঙ্ক কোনও কারণ না দেখিয়ে যে কোনও বা সমস্ত দরপ্রস্তাব গ্রহণ বা বাতিল করার এবং নিলাম বিক্রয় প্রক্রিয়া স্থগিত বা বাতিল করার অধিকার বজায় রাখে।
চ) মোটরগাড়ির রেজিস্ট্রেশন করানো দরদাতার দায়িত্ব। পুরো বিড অর্থাঙ্ক বুঝে পাওয়ার পর এসবিআই, বহরমপুর শাখা মোটরগাড়ি এবং ওই গাড়ি সংক্রান্ত কাগজপত্র হস্তান্তর করবে। বিডারদের নামে মোটরগাড়ির রেজিস্ট্রেশন করানোর ব্যাপারে এসবিআই, বহরমপুর শাখা কোনও দায়িত্ব নেবে না।

তারিখ: ২০.০৫.২০২১;
স্থান: বহরমপুর
অনুমোদিত অফিসার
এসবিআই, বহরমপুর